গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

স্মারক নং ১৬.০১.৩৬০০.০২২.২০১.২৩.২৩(১২) তারিখ : ০৮/১১/২০২৩ খ্রি.।

## নিয়োগ বিজ্ঞপ্তি

জেলা ও উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা নীতিমালা, ২০২১ এর ৫ নং অনুচ্ছেদ অনুযায়ী হবিগঞ্জ জেলার হবিগঞ্জ সদর উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নোক্ত পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা হলো।

| ক্রম | পদের নাম | পদ সংখ্যা | মাসিক সম্মানী সর্বসাকুল্যে | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | পেশ ইমাম | ০১(এক) | ১৫,০০০.০০ | ক) দ্বিতীয় শ্রেণির কামিল ডিগ্রী/দাওরায়ে হাদিস পাস। কোন প্রতিষ্ঠানে খতিব, মুফতী বা মুহাদ্দিস হিসেবে ০৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্ত হাফেজ-ই-কোরআন অগ্রাধীকার পাবেন।<br>গ) আরবীতে কথা ও আরবীতে উপস্থিত খুতবা পাঠ এবং ইসলামের উপর গবেষনাধারী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। |
| ০২ | মুয়াজ্জিন | ০১(এক) | ১০,০০০.০০ | ক) দ্বিতীয় শ্রেণির আলিম/ সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী সংশ্লিষ্ট ক্ষেত্রে মুয়াজ্জিন হিসেবে ০৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) হাফেজ-ই-কোরআন ও ইলমে ক্বিরাত এর উপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৩ | খাদিম | ০২(দুই) | ৭,৫০০.০০ | ক) দ্বিতীয় শ্রেণির আলিম/ সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী ।<br>খ) শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে।<br>গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে খাদিম হিসেবে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |

**শর্তাবলী:**

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

০২। আবেদনপত্রে প্রার্থীর (ক) নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) প্রার্থীর বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয় (জ) জাতীয়তা (ঝ) শিক্ষাগত যোগ্যতা (ঞ) অভিজ্ঞতা এবং মোবাইল নম্বর উল্লেখপূর্বক স্ব-হস্তে সাদা কাগজে আবেদন করতে হবে।

০৩। প্রার্থীকে উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ বরাবরে আবেদন করতে হবে।

০৪। আবেদনপত্র আগামী ২৯/১১/২০২৩খ্রি. তারিখের মধ্যে ইসলামিক ফাউন্ডেশন হবিগঞ্জ জেলা কার্যালয়, ইসলামিয়া এতিমখানা, রাজনগর, হবিগঞ্জ কার্যালয়ে অফিস চলাকালীন সময়ে ডাকযোগে বা সরাসরি পৌঁছাতে হবে। খামের উপর পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলে গন্য হবে।

০৫। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।

(ক) পৌরসভা/ ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নগরিকত্ব সনদপত্র।
(খ) প্রথম শ্রেণী গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি রঙ্গিন ছবি।
(গ) প্রথম শ্রেণী গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূল কপি।
(ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
(ঙ) সকল শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি।

০৬। কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না। যদি কোন প্রার্থী একাধিক পদে আবেদন করে তাহলে সকল আবেদন বাতিল বলে গন্য হবে।

০৭। প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৮। কোন তথ্য গোপন করে চাকুরীতে নিয়োগ প্রাপ্ত হলে এবং ভবিষ্যতে তথ্য গোপনের বিষয়টি প্রামাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

[চলমান পাতা-০২]

০৯। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ আবেদনপত্র গ্রহণ/বাতিল ও সংরক্ষণসহ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা নিয়োগ প্রদানকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং নিয়োগ প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে। এ বিষয়ে কোন আপত্তি গ্রহণ করা হবে না।

১০। এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী নিয়োগ এবং কর্তৃপক্ষ যে কোন সময় নিয়োগাদেশ বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

আয়েশা আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
ও
সভাপতি
সদর উপজেলা মডেল মসজিদ পরিচালনা ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র জনবল নিয়োগ কমিটি
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।

স্মারক নং ১৬.০১.৩৬০০.০২২.২০১.২৩.২৩(১২)

তারিখ : ০৮/১১/২০২৩ খ্রি.।

**অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো-**

০১। মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-০৩, হবিগঞ্জ।
০২। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা।
০৩। প্রকল্প পরিচালক, প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন শীর্ষক প্রকল্প ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা।
০৪। পরিচালক, সিলেট বিভাগীয় কার্যালয়, ইসলামিক ফাউন্ডেশন, সিলেট।
০৫। জেলা প্রশাসক, হবিগঞ্জ।
০৬। চেয়ারম্যান উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।

**জ্ঞাতার্থে ও কার্যার্থে-**

০৭। মেয়র, হবিগঞ্জ পৌরসভা, হবিগঞ্জ।
০৮। উপ পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, হবিগঞ্জ।
০৯। অধ্যক্ষ.................................................................................... মাদ্রাসা, হবিগঞ্জ (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
১০। চেয়ারম্যান,.........................................., ইউনিয়ন পরিষদ ( সকল), হবিগঞ্জ সদর, হবিগঞ্জ (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
১১। ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
১২। সংশ্লিষ্ট নথি।

আয়েশা আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
হবিগঞ্জ সদর
ও
সভাপতি
সদর উপজেলা মডেল মসজিদ পরিচালনা ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র জনবল নিয়োগ কমিটি
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।